



চাঁদাবাজিতে আলোচিত সমন্বয়ক রিয়াদ আবারও গ্রেফতার



আলোচিত রিয়াদ। ছবি: সংগৃহীত

রাজধানীর গুলশানে শিক্ষার্থীদের ওপর হামলা ও বিশৃঙ্খলা সৃষ্টি করার অভিযোগে ছাত্রনেতা আব্দুর রাজ্জাক বিন সুলাইমান ওরফে রিয়াদকে আবারও পুলিশ আটক করেছে।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সন্ধ্যায় প্রেসিডেন্সি ইউনিভার্সিটি এলাকা থেকে রিয়াদসহ মোট চারজনকে গ্রেফতার করা হয়। অন্যদের মধ্যে ছিলেন মো. রিয়াদুল হাওলাদার, মো. আলিফ আহমেদ আশিক এবং সায়েম শিকদার।

আজ শুক্রবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট দিলরুবা আফরোজ তিথির আদালত তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। মামলার জামিন শুনানির জন্য আগামী ১ মার্চ দিন ধার্য করা হয়েছে।

পুলিশ ও মামলার এজাহার অনুযায়ী, বৃহস্পতিবার বিকেলে শিক্ষার্থীরা স্থায়ী ক্যাম্পাসের দাবিতে শান্তিপূর্ণ আন্দোলন করছিলেন। তখন রিয়াদ সেখানে গিয়ে পরিস্থিতি উত্তেজনাপূর্ণ করতে চেষ্টা করেন।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের কক্ষে আলোচনা চলাকালীন রিয়াদের নির্দেশে অন্য আসামিরা নির্জন সরদার বাঁধন নামে এক শিক্ষার্থীকে চেয়ার দিয়ে আঘাত করেন। পরে রিয়াদ নিজের কাছে থাকা চাকু দিয়ে বাঁধনের মুখে আঘাত করলে তার নাকের উপরিভাগ কেটে গুরুতর জখম হয়। শিক্ষক ও শিক্ষার্থীরা দ্রুত পুলিশকে খবর দেন এবং অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

ভুক্তভোগী শিক্ষার্থী বাঁধন গুলশান থানায় ১১ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতপরিচয় আরও ১০-২২ জনের বিরুদ্ধে হত্যাচেষ্টা মামলা দায়ের করেছেন।

রিয়াদ এর আগেও চাঁদাবাজির অভিযোগে গ্রেফতার হয়েছেন। গত জুলাইয়ে গুলশানে এক সংসদ সদস্যের বাসায় গিয়ে ৫০ লাখ টাকা চাঁদা দাবির সময় তাকে হাতেনাতে ধরা হয়েছিল। রিয়াদ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক এবং বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের কেন্দ্রীয় নেতা হিসেবে পরিচিত।

গুলশান থানার সেকেন্ড অফিসার কাদের আহমেদ জানিয়েছেন, গ্রেফতারকৃতদের আদালতে পাঠানো হয়েছে এবং ঘটনার তদন্ত চলছে।